



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৮৩

আগামী শনিবার পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী রাজশাহী আসবেন

রাজশাহী; ১৬ জ্যৈষ্ঠ (৩০ মে):

পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি আগামী শনিবার (০১ জুন) দুই দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। সকাল সোয়া আটটায় তিনি বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

ওইদিন সকাল সাড়ে নয়টায় প্রতিমন্ত্রী বিভাগীয় সমবায় কার্যালয়ের সম্মেলন কক্ষে রাজশাহী বিভাগের জেলা ও উপজেলা সমবায় কর্মকর্তাগণের অংশগ্রহণে 'বঙ্গবন্ধুর ভাবনায় সমবায় ভিত্তিক কৃষি: সম্ভাবনা ও চ্যালেঞ্জ' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। বিকাল সাড়ে তিনটায় দুর্গাপুর উপজেলা পরিষদ চত্বরে শেখ রাসেল ম্যুরাল উদ্বোধন করবেন। বিকাল চারটায় দুর্গাপুর পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে দুর্গাপুর উপজেলা আওয়ামী লীগ কর্তৃক আয়োজিত গণসংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

পরদিন রবিবার (০২ জুন) সকালে প্রতিমন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৫.৩০